

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
আইসিটি শাখা



নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	এস. এম. শান্তনু চৌধুরী অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সভার তারিখ	১৯ নভেম্বর, ২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১.১৫ টা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভাপতি জেলা প্রশাসনসহ সকল সরকারি দপ্তরের নতুন কোন উদ্ভাবনী উদ্যোগ এবং কর্মপরিকল্পনা থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন ইত্যাদি কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করা এবং সভার কার্যবিবরণী নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণসহ স্ব-স্ব উপজেলার তথ্য বাতায়নে আপলোড করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী এবং উদ্ভাবনী উদ্যোগসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ৫.১.১ এবং ৫.১.২ মোতাবেক ওয়েবপোর্টাল হালনাগাদকরণ নিশ্চিতকরণের উপর গুরুত্বারোপ করতে হবে।	টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০২	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামোর সঙ্গে সঙ্গতি রেখে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ১.১.১ মোতাবেক সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার উপর গুরুত্বারোপ করা হয়।	টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৩	জেলা ও উপজেলার উদ্ভাবনী কর্মপরিকল্পনার তথ্য স্ব-স্ব প্রতিষ্ঠানের তথ্য বাতায়নে নিয়মিত হালনাগাদ করতে হবে।	জেলা পর্যায়ে দপ্তর প্রধান (সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৪	উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৫	স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে উদ্যোগ গ্রহণপূর্বক মাঠ পর্যায়ে তা বাস্তবায়নের পদক্ষেপ হিসেবে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ এ কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণ করতে হবে।	টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৬	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ৬.১.১ মোতাবেক চলতি অর্থবছরে আরও ০১টি কর্মশালা আয়োজন করতে হবে।	টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া

সভাপতি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণ কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এস. এম. শান্তনু চৌধুরী
অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৪) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৫) জেলাপ্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) উপপরিচালক, উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৯) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ১১) তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া
- ১২) জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৩) জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, ব্রাহ্মণবাড়িয়া
- ১৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ব্রাহ্মণবাড়িয়া
- ১৬) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর, জেলা হিসাব রক্ষণ অফিস, ব্রাহ্মণবাড়িয়া
- ১৭) জনাব কাজী শরীফুল ইসলাম, সহকারী অধ্যাপক, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ১৮) জনাব মো: নাছির উদ্দিন, সহকারী অধ্যাপক, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ১৯) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ২০) অধ্যক্ষ, জাহানারা কুদ্দুস ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট, আন্দিল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।



এস. এম. শান্তনু চৌধুরী
অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)